"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট (মনিটরিং শাখা)
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারকনং-৫৯.১১.০০০০.১৫৭.১৬.১০৪ (অংশ-৫).২৩/ ৬২২২ তারিখ: ১৪/০৯/২০২৩

বিষয়: নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সাহান আরা বানু, এনডিসি<br>মহাপরিচালক (গ্রেড-১)<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ (৬ষ্ঠ তলা) |
| তারিখ | : | ১১.০৯.২০২৩ |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |

সভাপতি নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অর্থবছরের এ সভাটি ১ম ত্রৈমাসিক সভা হিসেবে অনুষ্ঠিত হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়। | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ইউনিট |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকল ইউনিট কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। | সকল ইউনিট |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১টি সভা আইইএম ইউনিট কর্তৃক নির্ধারিত সময়ে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আইইএম ইউনিট কর্তৃক আয়োজন সম্পন্ন করে সভার **নোটিশ, হাজিরা ও অংশীজনের মতামতসহ রেকর্ড নোটস** আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। ২য় ত্রৈমাসিকে এমসিএইচ-সার্ভিসেস ইউনিট কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১টি সভা নির্ধারিত সময়ে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আইইএম ইউনিট<br><br>এমসিএইচ-সার্ভিসেস ইউনিট |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ২০০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত | নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করে প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও | প্রশাসন ইউনিট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে করা উপস্থাপন হয়। | ছবি প্রমানক হিসেবে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ-নথি বিনষ্টিকরণ-পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি-৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা) | কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল ইউনিটের অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টিকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে এ ত্রৈমাসিকে এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের নথি বিনষ্টকরণ ও এবং অধিদপ্তরের পরিস্কার-পরিচ্ছন্নতা টিম কর্তৃক পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছকে প্রতিবেদন ও প্রমানক আগামী ২৫/০৯/২০২৩ তারিখে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এমসিএইচ-সার্ভিসেস ইউনিট<br><br>পরিস্কার-পরিচ্ছন্নতা টিম |
| ১.৬ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করার বিষয়ে উপস্থাপন করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ইউনিট |
| ২.২ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) বিষয়ে আলোচনা করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউনিট ও সকল অপারেশন্যাল প্ল্যান |
| ২.৩ | বাজেট বাস্তবায়ন | সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট ইউনিট ও সকল অপারেশন্যাল প্ল্যান |
| ২.৪ | প্রকল্পের PIC সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অর্থবছরে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৭টি অপারেশনাল প্ল্যান এর ২৮টি PIC সভা আয়োজনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৭টি অপারেশনাল প্ল্যান এর PIC সভা ত্রৈমাসিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে আয়োজনে সচেষ্ট হতে হবে। | সকল অপারেশন্যাল প্ল্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা ও ঔষধ নিতে আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রদেয় সেবা, ঔষধ প্রদানের তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধকরণ ও যাচাইকরণ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা ও ঔষধ নিতে আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রদেয় সেবা, ঔষধ প্রদানের তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধকরণ ও যাচাইকরণের বিষয়টি উপস্থাপন করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা ও ঔষধ নিতে আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রদেয় সেবা, ঔষধ প্রদানের তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধকরণ ও যাচাইপূর্বক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে। | প্রশাসন ইউনিট |
| ৩.৩ | ৭০০টি কস্ট সেন্টারের অডিট আপত্তি নিষ্পত্তিকরণে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে পরিদর্শন ও যাচাই | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৭০০টি কস্ট সেন্টারের অডিট আপত্তি নিষ্পত্তিকরণে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে পরিদর্শন ও যাচাইকরণের বিষয়টি আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৭০০টি কস্ট সেন্টারের অডিট আপত্তি নিষ্পত্তিকরণে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে পরিদর্শন ও যাচাইপূর্বক অফিস আদেশ ও সামারি শিটসহ পরিদর্শন প্রতিবেদন ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে। | নিরীক্ষা ইউনিট |
| ৩.৪ | ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে ৩৫০ জন কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি যাচাই | প্রতি ত্রৈমাসিকে ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে ৩৫০ জন কর্মকর্তা-কর্মচারীদের দৈবচয়ন ভিত্তিতে কর্মস্থলে উপস্থিতি যাচাই, অনুপস্থিত কর্মকর্তাগণের কী ব্যবস্থা নেয়া হচ্ছে এ সংক্রান্ত সামারি শীটসহ প্রতিবেদন প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | প্রতি ত্রৈমাসিকে ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে ৩৫০ জন কর্মকর্তা-কর্মচারীদের দৈবচয়ন ভিত্তিতে কর্মস্থলে উপস্থিতি যাচাই, অনুপস্থিত কর্মকর্তাগণের কী ব্যবস্থা নেয়া হচ্ছে এ সংক্রান্ত সামারি শীটসহ প্রতিবেদন প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | অর্থ ইউনিট |
| ৪ | বিবিধ | স্বেচ্ছাসেবী (মহিলা) ও পেইডপেয়ার ভলান্টিয়ারগণের দ্বৈততা পরিহার ও শূন্য ইউনিটে কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্বেচ্ছাসেবী (মহিলা) ও পেইডপেয়ার ভলান্টিয়ারগণের দ্বৈততা পরিহার ও শূন্য ইউনিটে কার্যক্রম পরিচালনায় সমন্বয় সাধনের লক্ষ্যে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | ২. নথি উপস্থাপনের ক্ষেত্রে নথির শ্রেণি উল্লেখ করার বিষয়টি আলোচনা হয়। | নথি উপস্থাপনের ক্ষেত্রে নথির শ্রেণি উল্লেখ করতে হবে। ফলশ্রুতিতে নথি সংরক্ষণ/বিনষ্টকরণ সহজ হবে। | সকল ইউনিট |
| | | ৩. সংশ্লিষ্ট সকল কর্মচারীদের পোষাক সরবরাহ করতে হবে এবং পোষাক পরিধান বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। । | সংশ্লিষ্ট সকল কর্মচারীদের পোষাক সরবরাহ করতে হবে এবং পোষাক পরিধান নিশ্চিতকরণে পরিপত্র জারি করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪. ৬৪ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত টেলিফোনিক মনিটরিং ও ত্রৈমাসিক ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন করছেন কিনা তা যাচাই করণ বিষয়ে আলোচনা করা হয়। | ৬৪ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত টেলিফোনিক মনিটরিং ও ত্রৈমাসিক ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন করছেন কিনা তা যাচাই করতে হবে। | সংশ্লিষ্ট সকল পরিচালক |
| | | ৫. কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে অনিয়মিত/দেরিতে উপস্থিতি রোধ বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে অনিয়মিত/দেরিতে উপস্থিতি রোধকল্পে যে কোন কর্মস্থলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীকে যথেচ্ছাভাবে আগামী ১৭-২১ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত উপস্থিতি যাচাইকরণ ও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর (এফপি-এফএসডি) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে কাজের প্রতি দায়িত্বশীল হয়ে সেবাবান্ধব আচরণের মাধ্যমে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
ইমেইল:dg@dgfp.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল)..........................................ইউনিট/প্রোগ্রাম।
৩। প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট ( ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪। জনাব.....................................................................................................।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।